

দাবি দাওয়া নিয়ে শিক্ষামন্ত্রীর সঙ্গে বেঠকে বসবেন শিক্ষক নেতৃবৃন্দ

কাগজ প্রতিবেদক : শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত বিসিএস শিক্ষা সমিতির কেন্দ্রীয় কর্মকর্তাদের গতকালের এক সভায় শিক্ষকদের দাবি বাস্তবায়নের বিষয়ে আলোচনার জন্য আগামী ১৫ মে এর মধ্যে শিক্ষামন্ত্রী, শিল্প-সচিব ও মহাপরিচালকের সঙ্গে শিক্ষক নেতৃবৃন্দের বৈঠক আয়োজনের ব্যবস্থা করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

সভায় সভাপতিত্ব করেন শিক্ষা সচিব শহীদুল আলম। সভায় শিক্ষা সংশ্লিষ্ট অফিস থেকে প্রশাসন ক্যাডার কর্মকর্তাদের প্রত্যাহার, অর্জিত ছুটি, পদ সৃষ্টি, পদ স্থায়ীকরণ, অর্পনোগ্রহান ও নিয়োগবিধি পরিবর্তন, মন্ত্রণালয়ের পক্ষে শিক্ষা ক্যাডার কর্মকর্তাদের পদায়ন ও অন্যান্য বিষয়ে বিশদ

● প্রথম পাতা ২ কলাম ৬

দাবি দাওয়া নিয়ে

● প্রথম পাতার পর

আলোচনা হয়। সভায় এ সব দাবি বাস্তবায়নের লক্ষ্যে স্বাক্ষরিত পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত নেওয়া হয়।

অনুষ্ঠিতব্য সভায় সমিতির দাবিগুলো বাস্তবায়নের জন্য সময়সূচি নির্ধারিত হবে। সভায় সমিতির সভাপতি অধ্যাপক মোহাম্মদ কামিল উদ্দিন ও মহাসচিব আই কে সেলিম উদ্দাহ বোম্বকার ছাড়াও অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন যুগ্ম সচিব নাসরিন বেগম ও মানুষের রক্ষণী খান, সাংগঠনিক সচিব এস এম শফিকুল ইসলাম, মাওশির মহাপরিচালক অধ্যাপক মোঃ জুনাইদ, মন্ত্রণালয়ের যুগ্ম সচিব আব্দুস সাত্তার মাওশির পরিচালক অধ্যাপক মোঃ সালাহ উদ্দিন উপস্থিত ছিলেন।

আগামী ১৫ মে এর মধ্যে আলোচনের সন্তোষজনক অগ্রগতি না হলে ১৯.২০ ও ২১ মে সারাদেশে সকল সরকারি কলেজে ক্লাস বর্জন করার কর্মসূচি বহাল থাকবে। উদ্বেগ, গতকাল সকালে ঢাকা নগরীর সকল সরকারি কলেজ ও মাদ্রাসায় ক্লাস বর্জনের কর্মসূচি পালিত হয়েছে। দুপুরে সচিবের সঙ্গে আলোচনা শেষে ঢাকা শহরের কর্মসূচি প্রত্যাহার করা হয়।